# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫. ২৬৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : ইবতেদায়ি ৫ম শেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ এর মানবন্টন ও নমুনা প্রশ্ন প্রকাশ প্রসঙ্গে।

সূত্র : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৫৬.০২.০০১.২৪-৮৬, তারিখ: ২৪.০৮.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা পর্যায়ে ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ লক্ষ্যে ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ এর প্রশ্নপত্রের মানবন্টন ও নমুনা প্রশ্ন প্রস্তুত করা হয়েছে।

০২. এমতাবস্থায়, ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ এর প্রশ্নপত্রের মানবন্টন ও নমুনা প্রশ্ন এতদসঙ্গে প্রকাশ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (১৮) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০১/০৯/২৫

প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd
০১.০৯.২৫

প্রধান শিক্ষক, সুপারিনটেনডেন্ট ও অধ্যক্ষ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাভুক্ত সকল মাদ্রাসা

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫.২৬৬(৯)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. জেলা প্রশাসক (সকল);
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৮. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৯. অফিস কপি।

01.09.25

ড. মোঃ মহাতাব হোসেন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)
ফোনঃ ০২২২৩৩৬৪৩৬৯
ই-মেইল: dccon@bmeb.gov.bd
০১.০৯.২৫

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয় : কুরআন মাজিদ ও তাজভিদ এবং আকাইদ ও ফিকহ

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

## প্রশ্নের ধরন ও মানবণ্টন

## কুরআন মাজিদ ও তাজভিদ: মান ৬০ — নম্বর

### ক বিভাগ: কুরআন মাজিদ-৪০

| | | |
|---|---|---|
| ১. | সংক্ষেপে উত্তর লিখন : ১০টি প্রশ্ন থাকবে; ১০টিরই উত্তর লিখতে হবে | ০১ × ১০ = ১০ |
| ২. | হরকতসহ সুরা ও আয়াত মুখস্থ লিখন : পাঠ্যপুস্তকের একটি সুরা/৫টি আয়াত হরকতসহ মুখস্থ লিখতে হবে | ১০ |
| ৩. | সুরার অনুবাদ লিখন : পাঠ্যপুস্তকের ১টি সুরার অনুবাদ লিখতে হবে | ১০ |
| ৪. | রচনামূলক প্রশ্ন (কুরআন অংশ) : ৩টি প্রশ্ন থেকে ২টির উত্তর দিতে হবে | ০৫ × ০২ = ১০ |

### খ বিভাগ: তাজভিদ-২০

| | | |
|---|---|---|
| ৫. | রচনামূলক প্রশ্ন (তাজভিদ অংশ) : ৩টি প্রশ্ন থেকে ২টির উত্তর দিতে হবে | ০৫ × ০২ = ১০ |
| ৬. | তাজভিদের কায়দা লিখন : চিহ্নিত আয়াতাংশের নিচে দাগ দেওয়া অংশের তাজভিদের কায়দা লিখতে হবে (দশটি অংশ চিহ্নিত থাকবে, প্রশ্নগুলো মূল বইয়ের ১ম অংশ থেকে নির্ধারণ করা হবে)। | ১০ |
| | | মোট = ৬০ |

## আকাইদ ও ফিকহ: মান ৪০

### গ বিভাগ: আকাইদ-১৫

| | | |
|---|---|---|
| ৭. | সঠিক উত্তর লিখন : ৫টি প্রশ্ন থাকবে ৫টিরই সঠিক উত্তর লিখতে হবে | ০১ ×০ ৫ = ০৫ |
| ৮. | রচনামূলক প্রশ্ন : ২টি প্রশ্ন থাকবে; ১টির উত্তর দিতে হবে | ০৬ ×০ ১ = ০৬ |
| ৯. | সংক্ষিপ্ত প্রশ্ন : ২টি প্রশ্ন থাকবে; ১টির উত্তর দিতে হবে | ০৪ ×০ ১ =০ ৪ |

### ঘ বিভাগ: ফিকহ-১৫

| | | |
|---|---|---|
| ১০. | সঠিক উত্তর লিখন : ৫টি প্রশ্ন থাকবে ৫টিরই সঠিক উত্তর লিখতে হবে | ০১ ×০ ৫ =০ ৫ |
| ১১. | রচনামূলক প্রশ্ন : ২টি প্রশ্ন থাকবে; ১টির উত্তর দিতে হবে | ০৬ ×০ ১ = ০৬ |
| ১২. | সংক্ষিপ্ত প্রশ্ন : ২টি প্রশ্ন থাকবে; ১টির উত্তর দিতে হবে | ০৪ × ০১ = ০৪ |

### ঙ বিভাগ: আখলাক-১০

| | | |
|---|---|---|
| ১৩. | সঠিক উত্তর লিখন : ৫টি প্রশ্ন থাকবে; ৫টিরই সঠিক উত্তর লিখতে হবে | ০১ ×০ ৫ = ০৫ |
| ১৪. | সংক্ষিপ্ত প্রশ্ন : ২টি প্রশ্ন থাকবে; ১টির উত্তর দিতে হবে | ০৫ ×০ ১ =০৫ |
| | | মোট ৪০ |
| | | সর্বমোট ১০০ |

**নমুনা প্রশ্ন**

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ এবং আকাইদ ও ফিকহ

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

(ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক)

## কুরআন মাজিদ ও তাজভিদ: মান ৬০

### ক বিভাগ: কুরআন মাজিদ-৪০

**১। সংক্ষেপে উত্তর দাও।** **০১×১০ = ১০**

ক) কুরআন মাজিদের আয়াত সংখ্যা কত?

খ) সর্ব প্রথম নাজিলকৃত আয়াত কোনটি?

গ) কুরআন মাজিদের সবচেয়ে ছোট সূরা কোনটি?

ঘ) হুরুফে মুকাত্তায়াত কাকে বলে?

ঙ) উম্মুল কুরআন বলা হয় কোন সূরাকে?

চ) কুরআন মাজিদে সেজদার আয়াত কতটি?

ছ) সূরাতুদ দোহা কোথায় নাজিল হয়েছে?

জ) মাক্কী সূরা কাকে বলে?

ঝ) মাদানি সূরা কাকে বলে?

ঞ) সর্বশেষ নাজিলকৃত পূর্ণাঙ্গ সূরার নাম কী?

**২। হরকতসহ সুরা ইনশিরাহ এর প্রথম ৫ আয়াত লিখ** **০২ ×০৫ = ১০**

**৩। নিচের সুরাটির অনুবাদ লিখ** **১০**

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ – قُلْ أَعُوذُ بِرَبِّ ٱلْفَلَقِ – مِن شَرِّ مَا خَلَقَ – وَمِن شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ –
وَمِن شَرِّ ٱلنَّفَّٰثَٰتِ فِى ٱلْعُقَدِ – وَمِن شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ .

**৪। রচনামুলক প্রশ্ন (যেকোনো ০২ টি প্রশ্নের উত্তর দাও)** **০৫ ×০২ = ১০**

ক. কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত বর্ণনা কর।

খ. কুরআন মাজিদের পরিচিতি বর্ণনা কর।

গ. কুরআন মাজিদ মুখস্থ করার গুরুত্ব ও ফজিলত বর্ণনা কর।

### খ বিভাগ: তাজভিদ-২০

**৫। রচনামুলক প্রশ্ন (যেকোনো ০২ টি প্রশ্নের উত্তর দাও)** **০৫ ×০২ = ১০**

ক. ইলমে তাজভিদ কাকে বলে? এর গুরুত্ব আলোচনা কর।

খ. মাদ্দ কাকে বলে? মাদ্দে আসলি উদাহরণসহ আলোচনা কর।

গ. নুন সাকিন ও তানভিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।

**৬। চিহ্নিত আয়াতাংশের তাজভিদের কায়দা লেখ:** **০১×১০ = ১০**

لَا رَيْبَ – لِّلْمُتَّقِينَ– يُؤْمِنُونَ– بِمَآ أُنزِلَ– مِن رَّبِّهِمْ– إِنَّ ٱلَّذِينَ– لَمْ تُنذِرْ– عَلَىٰ سَمْعِهِمْ – غِشَٰوَةٌ وَلَهُمْ – عَذَابٌ عَظِيمٌ

# আকাইদ ও ফিকহ: মান ৪০

## গ বিভাগ: আকাইদ -১৫

**৭। সঠিক উত্তরটি লেখ:** **০১x০৫=০৫**

ক. আল্লাহ তায়ালার গুণবাচক নামের সংখ্যা- ৮৯ টি/ ৪০টি/ ৯৯ টি/ ৯৮ টি

খ. আমাদের প্রিয় নবীর সর্বশ্রেষ্ঠ মুজিযা হলো- মৃতকে জীবিত করা/ হাদীসে নববী/ কোরআন মাজীদ/ মিরাজ ।

গ. আল্লাহ তায়ালা ক্ষমা করবেন না- কবীরা গুনাহ/ মিথ্যা বলার গুনাহ/ বিদআতের গুণাহ/ শিরকের গুনাহ ।

ঘ. তাকদীর শব্দের অর্থ - নির্ধারণ করা/ একত্রিত করা/ পরকাল/ চেষ্টা ।

ঙ. খতমে নবুওয়াতের অর্থ - নবুওয়াতের মর্যাদা/ নবুওয়াতের জ্ঞান/ নবুওয়াতের সমাপ্তি/ নবুওয়াতের দায়িত্ব।

**৮। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **০৬x০১=০৬**

ক. আল্লাহর দশটি গুণবাচক নাম অর্থসহ লেখ।

খ. জান্নাত ও জাহান্নামের পরিচয় দাও । জান্নাত ও জাহান্নাম কয়টি ও কী কী?

**৯। সংক্ষেপে উত্তর দাও (যেকোনো একটি):** **০৪x০১=০৪**

ক. শিরকে আকবরের তিনটি উদাহরণ দাও।

খ. খতমে নবুওয়াত সম্পর্কে একটি হাদিস অর্থসহ লেখ।

## ঘ বিভাগ: ফিকহ -১৫

**১০। সঠিক উত্তরটি লেখ:** **০১x০৫=০৫**

ক. ফিকহ শব্দের অর্থ- হিসাব করা/ জানা/ অবুঝ হওয়া/ ন্যায় বিচার।

খ. তায়াম্মুম শব্দের অর্থ- পুণ্য/ ইচ্ছা করা/ পবিত্রতা/ মাটি।

গ. সালাতের ভিতরের ফরজ কাজগুলোকে বলা হয়- তাকবীরে তাহরীমা/ আহকাম/ আরকান/ তাশাহহুদ।

ঘ. বছরান্তে যাকাত প্রদান করতে হয় শতকরা- ২.৫ ভাগ/ ৩.৫ ভাগ/ ৪.৫ ভাগ/ ৭.৫ ভাগ।

ঙ. الماء الراكد অর্থ- প্রবাহিত পানি/ কূপের পানি/ আবদ্ধ পানি/ ব্যবহৃত পানি ।

**১১। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **০৬x০১=০৬**

ক. ফিকহ শাস্ত্র বলতে কী বুঝ? এ শাস্ত্র শিক্ষার গুরুত্ব বর্ণনা কর।

খ. সাওমের পরিচয় ও গুরুত্ব আলোচনা কর।

**১২। সংক্ষেপে উত্তর দাও (যেকোনো একটি):** **০৪x০১=০৪**

ক. ফরজে আইন এর পরিচয় দাও।

খ. সালাত ভঙ্গের পাঁচটি কারণ উল্লেখ কর।

## ঙ বিভাগ- আখলাক

## মান- ১০

**১৩। সঠিক উত্তরটি লেখ:** **০১×০৫=০৫**

ক. আখলাক শব্দের অর্থ- প্রশংসা/ ভালো গুণ/ স্বভাব-চরিত্র/ ন্যায়পরায়ণতা।

খ. একজন মুসলমানের উপর অন্য মুসলমানের হক- ৫টি/ ৬টি/ ৭টি/ ১০টি।

গ. الغِيبَة অর্থ- ঝগড়া/ মিথ্যা বলা/ হিংসা/ পরচর্চা করা।

ঘ. মুনাজাত শব্দের অর্থ- জিকির করা/ চুপেচুপে কথা বলা/ সাহায্য চাওয়া/ দোআ করা।

ঙ. সায়্যিদুল ইস্তেগফার হলো- ক্ষমা প্রার্থনার সর্বোত্তম দোআ/ সফরের সময় পড়ার দোআ/ সালাতের দোআ/ বিপদাপদের সময় পড়ার দোআ।

**১৪। সংক্ষেপে উত্তর দাও (যেকোনো একটি):** **০৫×০১=০৫**

ক. মাতা-পিতার প্রতি দায়িত্ব সম্পর্কে একটি হাদিস অর্থসহ লেখ।

খ. দোআর গুরুত্ব সম্পর্কে একটি আয়াত অর্থসহ লেখ।

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: আরবি

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

## প্রশ্নের ধরন ও মানবণ্টন

### ক. আদদুরূসুল আরাবিয়্যাহ : ৫০

| | |
|---|---|
| ১. ১৪টি আরবি শব্দ থেকে ১০টির বাংলা অর্থ লিখতে হবে | ১০ × ০১ = ১০ |
| ২. গদ্যাংশ থেকে ২টি অনুচ্ছেদ থাকবে; ১টির অনুবাদ লিখতে হবে | ০১ ×০৭ = ০৭ |
| ৩. ৪টি সংক্ষিপ্ত প্রশ্ন থাকবে; তন্মধ্যে ২টির আরবিতে উত্তর লিখতে হবে | ০২ ×০৪ = ০৮ |
| ৪. ৮টি আরবি শব্দ থাকবে; তন্মধ্যে ৫টি দ্বারা আরবিতে বাক্য গঠন করতে হবে | ০৫ × ০১ = ০৫ |
| ৫. ৬টি বাক্য থাকবে; তন্মধ্যে ৪টি বাক্যের শূন্যস্থান পূরণ করতে হবে | ০৪ × ০১ = ০৪ |
| ৬. ২টি কবিতা থাকবে; তন্মধ্যে ১টি কবিতার ৫ লাইন লিখতে হবে | ০১ × ১০ = ১০ |
| ৭. ২টি বিষয় উল্লেখ থাকবে; তন্মধ্যে ১টি বিষয়ে حوار বা সংলাপ (৬ বাক্যে) লিখতে হবে | ০৬ × ০১ = ০৬ |
| **মোট** | **৫০** |

### খ. কাওয়াইদ (আরবি গ্রামার) : ৫০

| | |
|---|---|
| ৮. ছরফ অংশ থেকে ৬টি প্রশ্নের মধ্যে ৪টি প্রশ্নের উত্তর লিখতে হবে | ০৪ × ০৫ = ২০ |
| ৯. নাহু অংশ থেকে ৩টি প্রশ্নের মধ্যে ২টি প্রশ্নের উত্তর লিখতে হবে | ০২ × ০৫ = ১০ |
| ১০. আরবিতে অনুবাদ করতে হবে (৮টি থেকে ৫টি) | ০৫ × ০১ =০৫ |
| ১১. বাংলায় অনুবাদ করতে হবে (৮টি থেকে ৫টি) | ০৫ × ০১ =০৫ |
| ১২. ৪টি বিষয় দেয়া থাকবে; ১টি বিষয়ে রচনা লিখতে হবে | ০১ × ১০ = ১০ |
| **মোট** | **৫০** |

**সর্বমোট = ১০০**

নমুনা প্রশ্ন

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: আরবি

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

[বিশেষ দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

## ক বিভাগ: আদদুরূসুল আরাবিয়্যাহ

**১। শব্দার্থ লিখ (যেকোনো দশটি)** **১০ × ০১ = ১০**

فَتَاةٌ ، رَأَتْ – النَّمْلُ – اَلكَوْنُ – بَحْث – الجِهَازُ – الطَّابِعَةُ –حكَى – عَشَاءٌ – اَلْمَبْلَغُ – أَسْوَلُ – غَنْمٌ – طَبِيْبٌ –بَقْلٌ-

**২। বাংলা অনুবাদ কর ( যেকোন একটি)** **০৭ × ০১ = ০৭**

الف– سَلْمَى فَتَاةٌ صَغِيرَةٌ ، عُمْرُوها عَشْرُ سَنَوَاتٍ مَع أمها إلى الْحَدِيقَةِ – وَفِي الطَّرِيقِ رَأَتْ زُهْرًا جَمِيلَةً وَأَشْجَارًا كبيرة فَسَأَلَتْ سَلَمى : يا أمي ! مِنْ أَيْنَ تَأْتِي الزُّهُورُ؟

ب– يعَدُّ الْكَمبِيُوتَرُ أَحَدَ أَهَمِّ الاِخْتِرَاعَاتِ الَّتِي اِبْتَكَرَهَا الْإِنْسَانُ ، وَالْمُخْتَرِعُ الأَوَّلُ لِلْكَمبِيُوتَرِ الْحَكِيمُ الْبِرِيْطَانِي سَارِلَسْ بَابِيج. يُقَالُ لَهُ الْحَاسِبُ الآلِي يُحَلِّلُ بِهِ أَكْبَرُ الْحِسَابَاتِ بِوَقْتٍ سَرِيع.

**৩। আরবিতে উত্তর দাও (যেকোনো দুইটি)** **০২ × ০৪ = ০৮**

الف) مَنْ خَلَقَ الإنسان ؟

ب) كَمْ رُكْنًا لِلإسلام ؟

ج) مَا هُمَا الله الشَّهَادَتَانِ ؟

د) مَنْ اخْتَرَعَ الكَمبِيُوتَرُ؟

**৪। আরবিতে বাক্য গঠন কর ( যেকোনো পাঁচটি)** **০৫ × ০১ = ০৫**

الزهُورُ– خَالِقٌ – الإسلام – الصَّلاة – خَرَجَ– المكتبة – المَرَضُ – رَمْزٌ

**৫। শূণ্যস্থান পূরণ কর ( যেকোনো চারটি)** **০৪ x ০১ = ০৪**

الف) ذَهَبَت........................... مع أمها إلى الحديقة–.

ب) الله............................ كل شيءٍ

أَرْكَانٍ فِي الدِّيْن ج) ..........................

د) لَا أَعْبُدُ فِي................. إلا الله

ه) أُحِبُّ جَدِي إِذَا حَكَى ...............................

و) أريد ................ وَالْعُلومِ

**৬। নিচের যেকোনো একটি কবিতার প্রথম পাঁচ লাইন মুখস্থ লিখ** **১০ x ০১ = ১০**

الف. بُنِيَ الاسْلَامُ علَى خَمْسٍ ب. خَيْرُ الْأَصْحَابِ

**৭। আরবিতে** حوار **সংলাপ লিখ (কমপক্ষে ৬ লাইন যেকোনো একটি)** **০১ x ০৬ = ০৬**

الف) الحِوَارُ بين الطَّالِبِ والبائع ب) الحِوَارُ عن حَدِيْقَةُ الحَيْوَانَاتِ

## খ বিভাগ: কাওয়াইদ

### সরফ অংশ

**৮। প্রশ্নোত্তর লিখ ( যে কোনো ৪টি )** **০৪ x ০৫ = ২০**

ক. كلمة কাকে বলে ? উহা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

খ. فعل কাকে বলে ? কাল হিসেবে فعل কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

গ. حَاضِر এর সিগাহ কয়টি ও কী কী ?

ঘ. الفِعْلُ الْمَاضِى কাকে বলে ? তা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

ঙ. السَّمْعُ মাসদার থেকে ماضى بعيد مثبت معروف এর ১৪টি সিগাহ অর্থসহ লেখ।

চ. المُضَارِعْ এর গঠন প্রণালী উদাহরণসহ লেখ।

### নাহু অংশ

**৯। প্রশ্নোত্তর লিখ ( যে কোনো ২টি)** **০২ x ০৫ = ১০**

ক. جمع কাকে বলে ? উহা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

খ. مُضَاف ও مُضَاف اليه কাকে বলে ?

গ. ضَمِيْر مرفُوعِ مُنْفَصِلْ কয়টি ও কী কী ? লেখ।

**১০। আরবিতে অনুবাদ কর ( যে কোনো ৫টি)** **০৫ x ০১ = ০৫**

ক. কাবা মুসলমানদের কিবলা।
খ. ঢাকা বাংলাদেশের রাজধানী।
গ. অলসতা দরিদ্রতার কারণ।
ঘ. বাংলাদেশী ছাত্র মেধাবী।
ঙ. আল্লাহ পৃথিবী সৃষ্টি করেছেন।
চ. আল্লাহর সাথে কাউকে শরীক করো না।
ছ. ধৈর্য বেহেস্তের চাবি।
জ. বাঘ একটি হিংস্র প্রাণী।

**১১। বাংলায় অনুবাদ কর ( যে কোনো ৫টি)** **০৫ x ০১ = ০৫**

ا. اَلْحَدِيثُ كَلَامُ الرَّسُولِ

ب. اَلْكَذِبُ أُمُّ الذُّنُوبِ

ج. أَصْحَابُ الْجَنَّةِ كِرَامٌ

د. اَلْعَرَبِيَّةُ لُغَةٌ غَنِيَّةٌ

ه. اَلْقُرْآنُ الْكَرِيمُ دُسْتُورٌ

و. اَلتَّعْلِيمُ الْإِسْلَامِيُّ وَاجِبٌ

ن. ذَهَبَ رَاشِدٌ إِلَى دَاكَا

ح. خُلِقَ الْإِنسَانُ ضَعِيفًا

**১২। আরবিতে রচনা লিখ ( যেকোনো ১টি, ১০ টি বাক্য)** **০১x ১০ = ১০**

১. الْقُرْأَنِ الْكَرِيْم

২. الصَّلَاة

৩. اَلْعِلْمُ

৪. حبُّ الوَطَنِ

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: বাংলা

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

## প্রশ্নের ধরন ও মানবণ্টন

| | নম্বর |
|---|---|
| ১। কবিতা ও কবির নামসহ কবিতার প্রথম আট লাইন লেখা (২টি থেকে ১টি): | ১+১+৮ = ১০ |
| ২। ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ৩। শব্দ দিয়ে বাক্য তৈরি ( ৫টি থেকে ৫টি) : | ১×৫ = ৫ |
| ৪। শব্দার্থ লিখন (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ৫। রচনামূলক প্রশ্ন (গদ্য থেকে ৩টি, পদ্য থেকে ২টি প্রশ্ন থাকবে, তিনটির উত্তর দিতে হবে): | ৫×৩=১৫ |
| ৬। প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখন- (৭টি থেকে ৫টি): | ২×৫=১০ |
| ৭। কবিতার মূলভাব লিখন- (১টি কবিতা থেকে ১টি): | ৮×১ = ৮ |
| ৮। শব্দের চলিত রূপ লিখন- (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ৯। সঠিক উত্তর খাতায় লিখন- (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ১০। যুক্তবর্ণ ভেঙ্গে লেখা ও শব্দ তৈরি (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ১১। সমার্থক শব্দ লিখন (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ১২। এক কথায় প্রকাশ (৫টি থেকে ৫টি): | ১×৫ = ৫ |
| ১৩। ফরম প্রস্তুত করণ- (১টি থেকে ১টি): | ৫×১ = ৫ |
| ১৪। রচনা লিখন (৩টি থেকে ১টি): | ১২×১ = ১২ |
| মোট | ১০০ |

নমুনা প্রশ্ন

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: বাংলা

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

[বিশেষ দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

**১। কবিতা ও কবির নামসহ 'সংকল্প' অথবা 'স্বদেশ' কবিতার প্রথম আট লাইন লেখ।** ১+১+৮=১০

**২। ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি কর:** ০৫

| | | | | |
|---|---|---|---|---|
| ক্ষত | বিলুপ্তপ্রায় | কৃষক | হিজরি | দেশ |

ক) আমাদের বাংলাদেশের বাইরে অনেক ................ আছে।
খ) শকুন বাংলাদেশের এখন ....... পাখি।
গ) ইমদাদ হকের শরীরে অনেক আঘাতের ....... রয়েছে।
ঘ) তিতুমীর যুদ্ধ করেছেন এদেশের ....... বাঁচাতে।
ঙ) দশম ........ ছিল মহানবী (সা.) এর বিদায় হজ।

**৩। নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর:** ০১×০৫=০৫

সার্থক, নিশিরাত, ভাষণ, প্রতিবাদী, প্রতিধ্বনি

**৪। শব্দার্থ লেখ:** ০১×০৫=০৫

কড়ি, কাঁকন, দেশান্তর, বৈচিত্র্য, মজলুম

**৫। রচনামূলক প্রশ্ন- ( যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও):** ০৫×০৩=১৫

ক) অহংকারী ও অত্যাচারীর পরিণাম শেষ পর্যন্ত কী হয়?
খ) দেশের জন্য পশুপাখি, জীবজন্তু কী উপকার করে? নিজের ভাষায় লেখ।
গ) 'কুমড়ো ও পাখির কথা' থেকে তুমি যা শিখেছো তা পাঁচটি বাক্যে লেখ।
ঘ) 'সংকল্প' কবিতায় কবির সংকল্পগুলো কী কী?
ঙ) 'নোলক' কবিতায় কবি কোথায় কোথায় নোলক খুজেছেন?

**৬। প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ( যেকোনো পাঁচটি):** ০২×০৫=১০

ক) টুনটুনি কুমড়োকে কী খবর দিল?
খ) মহানবী (সা.)) আমাদের কাছে কোন দুটি জিনিস রেখে গেছেন?
গ) ভাবুক ছেলেটি ছোটবেলায় কী কী ভাবতেন?
ঘ) 'প্রাণের চেয়েও মান বড়'- শিক্ষক একথা বললেন কেন?
ঙ) ঘাসফুল আমাদের কাছে কী মিনতি করেছে? কেন করেছে?
চ) 'দুই তীরে' কবিতায় ঘাটের বধুর মেলা বলতে কী বোঝানো হয়েছে?
ছ) মাটির শিল্প কেন আমাদের ঐতিহ্য ও গৌরবের বিষয়?

**৭। 'শব্দ দূষণ' কবিতার মূলভাব লেখ।** **০৮**

**৮। শব্দের চলিত রূপ লেখ:** **০৫**

দেখিব, ঘুরিতেছে, ছুটিতেছে, আঁকিব, চলিতেছে

**৯। সঠিক উত্তরটি খাতায় লেখ:** **০১×০৫ = ০৫**

i) **'অবাক জলপান'** নাটিকাটিতে বিজ্ঞানীর চরিত্রে কাকে দেখানো হয়েছে?

ক) বৃদ্ধ খ) বালক গ) মামা ঘ) ঘুড়িওয়ালা

ii) হযরত মুহাম্মদ (সা:) কাদের প্রতি নিষ্ঠুর আচরণ করতে নিষেধ করেছেন?

ক) ক্রীতদাস-ক্রীতদাসীর খ) আলেমদের গ) সাহাবীদের ঘ) সৈন্যদের

iii) **'স্বদেশ'** কবিতায় কবি বাংলাদেশের কোন ছবিটি তুলে ধরেছেন?

ক) শহরের মানুষের ছবি খ) নদীর পাড়ের জেলেদের ছবি

গ) পাহাড়ি মানুষের ছবি ঘ) বাংলাদেশের প্রকৃতি ও মানুষের জীবনযাত্রার ছবি

iv) **'খুব ভালো'** কোন পদ?

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) অব্যয় ঘ) ক্রিয়া

v) **'খেলে'** শব্দটি কোন পদ?

ক) বিশেষ্য খ) ক্রিয়া গ) সর্বনাম ঘ) অব্যয়

**১০। যুক্তবর্ণ ভেঙে লেখ ও শব্দ তৈরি কর :** **০১×০৫ = ০৫**

ষ্ণ, ন্ত্র, ক্ষ, ণ্ট, ব্ধ

**১১। সমার্থক শব্দ লেখ:** **০১×০৫ = ০৫**

সূর্য, পৃথিবী, নদী, বায়ু , পাহাড়

**১২। এক কথায় প্রকাশ কর:** **০১×০৫ = ০৫**

যার শত্রু জন্মায়নি, আকাশে যে উড়ে বেড়ায়, যা কষ্টে লাভ করা যায়, বরণ করার যোগ্য, যে উপকারীর অপকার করে

**১৩। আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য একটি ফরম প্রস্তুত কর।** **৫**

**১৪। যেকোনো একটি বিষয়ে রচনা লেখ:** **১২**

ক) সময়ের মূল্য খ) ছাত্রজীবন গ) নামাজের গুরুত্ব

# EBTEDAYEE SCHOLARSHIP EXAMINATION-2025
## SUBJECT : ENGLISH

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান-১০০**

- **Read the text/dialogue and answer the questions 1, 2 and 3.**
  **[This text/dialogue will be given from the text book 'English for Today' class V]**

**Part–A : Reading : 20 Marks**

1. Multiple choice questions. $1 \times 5 = 5$
2. Answer the following questions in sentence(s). 5 short questions will be given and students will have to answer all of them. $2 \times 5 = 10$
3. Fill in the blanks with appropriate words from the text. $1 \times 5 = 5$

**Part–B : Vocabulary & Grammar : 40 Marks**

4. Write down the meaning of the following words in Bangla. $1 \times 10 = 10$
5. Make sentences with the following words. $1 \times 10 = 10$
6. Match the given words to their meanings. $1 \times 5 = 5$
7. Identify the Parts of Speech of the underlined words. $1 \times 5 = 5$
8. Make WH-questions from the given statements. $1 \times 5 = 5$
9. Rewrite the sentences using Punctuation & Capitalization marks. $1 \times 5 = 5$

**Part–C : Writing : 40 Marks**

10. Write a Dialogue. 5
11. Write a Paragraph. 10
12. Write a simple personal Letter. 10
13. Write an Essay. 15

**Total = 100**

# Ebtedayee Scholarship Examination-2025

**SAMPLE QUESTION**

**Class-Five**
**Subject: English**
**Marks-100**
**Time: 2 hours 30 minutes.**

[N.B Answer all the questions. The figures in the right margin indicate full marks.]

**Part A- Reading Test**
**Marks-20**

Read the following text carefully and answer the questions no. from 1 , 2 and 3:

A long time ago, when Raju was in class 5, there was a fire in his School. Everyone. Everyone was very afraid, but no one panicked. The teachers helped the students to leave the building quietly and safely. Soon the firefighters came and put out the fire. Raju watched the firefighters from the school yard. He thought about the fire and the firefighters for a long time. After College Raju joined a volunteer fire department. As a volunteer, he didn't get any money for his work. But Raju didn't mind.

1.**Choose the best answer:** 1x5=5

(a) Raju was in class- (i ) five (ii) six (iii) three (iv) Seven

(b) Everyone was very -- (i) happy (ii) afraid (iii) Panicked (iv) joyful

(C) Raju watched the firefighters from the School- (i) building (ii) yard (iii) classroom (iv) rooftop

(d) Raju joined a volunteer- (i) Police department (ii) fire department (iii) health department. (iv) education department.

(e) Raju didn't get any _____for his work - (i) money (ii) food (iii) Reward (iv) help

2. **Answer the following questions:** 2x5=10

(a) What happened in Raju's school when he was in class five?

(b) How did the teachers help the students during the fire?

(c) Who came to put out the fire?

(d) What did Raju think about for a long time?

(e) Where did Raju join after his college?

3. **Fill in the blanks with appropriate words from the text:** 1x5=5

The teachers (i)_______the students to leave the building (ii)_______and (iii)_______. Soon the firefighters (iv)_______and put out the (v)______.

## Part B- Vocabulary and Grammar
**Marks-40**

4. **Write the meaning of the following words:** 1x10=10

Active, Body, Celebrate, Close , Delicious, Early, Family, Gift, Treasure, Kitchen

5. **Make meaningful sentences with the following words:** 1x10=10

Happy, Story, Beautiful, Animal, Forest, Enjoy, Job, Great, Friend, Hungry.

6. **Match the given words to their meanings:** 1x5=5

| | |
|---|---|
| Nap | Quick |
| Make | Beautiful |
| Fast | Sleep |
| Nice | Begin |
| Start | Prepare |

7. **Identify parts of speech of the fallowing words:** 1X5-5

**Saikat** is in class 5. He is a **good** student. **He** wants to improve his English, so he **watches** cartoons on TV **everyday.**

8. **Make WH questions from the given statements.** 1x5=5

(a) The hare was walking in the forest.
(e) The hare saw the tortoise.
(c) The tortoise was walking slowly.
(d) The hare went to sleep.
(e) He slept for an hour.

9. **Re-write the sentences using punctuation marks and capital letters where necessary:** 1x5=5

(i) what is your favorite colour
(ii) today is monday
(iii) would you lend me a pencil
(iv) i get up at 10 o'clock on friday
(v) who is your favorite teacher

## Part C- Composition
**Marks-40**

10. **Read the following situation and make a dialogue on it:** 1x5

You need help to find a hospital nearby. Now write a dialogue between you and your friend.

11. write a paragraph about 'Your Madrasah'. 10

12. write a letter to your father asking some money to buy books. 10

13. write an essay on 'Student Life '. 15

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: গণিত ও বিজ্ঞান

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

প্রশ্নের ধরন ও মানবণ্টন

## গণিত: মান ৬০

১. সঠিক উত্তর লিখন: দশটি প্রশ্নের মধ্যে দশটির উত্তর দিতে হবে। ১×১০ = ১০

২. শূন্যস্থান পূরণ: দশটি প্রশ্নের মধ্যে দশটির উত্তর দিতে হবে। ১×১০ = ১০

৩. সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর: পাঁচটি প্রশ্নের মধ্যে পাঁচটির উত্তর দিতে হবে। ২×৫ = ১০

৪. বড় প্রশ্ন: ৬টি প্রশ্নের মধ্যে ৬টিরই উত্তর দিতে হবে (জ্যামিতি অংশ থেকে একটি প্রশ্ন অবশ্যই থাকবে)। বড় সমস্যার উত্তর মূল্যায়নের ক্ষেত্রে পদ্ধতি ও ধাপ বিবেচনায় রেখে নম্বর প্রদান করতে হবে। ৫×৬ = ৩০

## বিজ্ঞান: মান ৪০

১. সঠিক উত্তর লিখন: দশটি প্রশ্নের মধ্যে দশটির উত্তর দিতে হবে। ১×১০ = ১০

২. শূন্যস্থান পূরণ/মিল করণ/সত্য-মিথ্যা: পাঁচটি প্রশ্নের মধ্যে পাঁচটির উত্তর দিতে হবে। ১×৫ = ০৫

৩. সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর: পাঁচটি প্রশ্নের মধ্যে পাঁচটির উত্তর দিতে হবে। ২×৫ = ১০

৪. বর্ণনামূলক প্রশ্ন উত্তর: পাঁচটি প্রশ্নের মধ্যে তিনটির উত্তর দিতে হবে। ৩×৫ = ১৫

নমুনা প্রশ্ন

# ইবতেদায়ি পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা ২০২৫

বিষয়: গণিত ও বিজ্ঞান

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

## গণিত: মান ৬০

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখঃ দশটি প্রশ্নের মধ্যে দশটির উত্তর দিতে হবে।** $১ \times ১০ = ১০$

ক) ৪ টি কলমের মূল্য ৮০ টাকা হলে ৩ টি কলমের মূল্য কত টাকা?

২০/ ৪০/৫০ /৬০

খ) ১২ ও ১৫ এর গ.সা.গু কত ?

৩/ ৫/১২ /১৫

গ) ক+৫ = ২০ হলে ক এর মান কত?

৫/ ১০/১৫ /২০

ঘ) $\frac{১}{৪} + \frac{১}{৩}$ এর যোগফল কত ?

$\frac{১}{১২}$ / $\frac{৪}{৭}$ / $\frac{৩}{৪}$ / $\frac{৭}{১২}$

ঙ) $২\frac{২}{৩} \times ১\frac{৩}{৭}$ এর গুনফল নিচের কোনটি ?

$\frac{৮০}{২১}$ / $\frac{৮}{৩০}$ / $\frac{২১}{৮০}$ / $\frac{৩০}{৮}$

চ) ১টি কাপের ওজন ০.৩ কেজি হলে ৫টি কাপের ওজন কত ?

২.৫/ ১.৫/.৩.৫ /০.৫

ছ) একটি আয়তকার জমির দৈর্ঘ্য ২০.৫ মিটার এবং প্রস্থ ১০ মিটার হলে ক্ষেত্রফল কত বর্গমিটার হবে ?

১০৫/ ২০৫/৩০৫ /৪০৫

জ) ৪, ৬, ৭, ৫, ৩ এর গড় নিচের কোনটি ?

৪/ ৫/৬ /৭

ঝ) ৫০% এর দশমিক ভগ্নাংশে প্রকাশিত রুপ নিচের কোনটি ?

০.৫/ ০.৬/০.৭ /০.৮

ঞ) ১২ মিটার সমান কত সেন্টিমিটার ?

১২০/ ১২০/১২০০ /১২০০০

**২. শুন্যস্থান পুরণ কর: দশটি প্রশ্নের মধ্যে দশটির উত্তর দিতে হবে।** $১ \times ১০ = ১০$

ক) গুনফল ÷ গুনক = ☐

খ) ১২ ÷ (২×৩) = ☐

গ) ৪৮ - ☐ =২৩

ঘ) ল.সা.গু এর পূর্ণরুপ হলো = ☐

ঙ) ১২ ও ১৮ এর ল.সা.গু হলো = ☐

চ) ৩ - $\frac{৩}{৪}$ = ☐

ছ) $\frac{১৮}{৫} \div \frac{২}{৫}$ = ☐

জ) ০.০৬×৫ = ☐

ঝ) ৩০০ টাকার ১৫০% = ☐

ঞ) লাভ = বিক্রয়মূল্য - ☐

**৩। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাওঃ (পাঁচটি প্রশ্নের মধ্যে পাঁচটির উত্তর দিতে হবে।)** **২×৫ = ১০**

ক) একটি বর্গাকার মাঠের এক পাশের দৈর্ঘ্য ১০.৫ মিটার হলে ঐ মাঠের ক্ষেত্রফল কত বর্গমিটার?
খ) ১ ঝুড়ি ফলের ওজন ২.৫ কেজি হলে ১২ ঝুড়ি ফলের ওজন কত?
গ) ৩১ – (৩×২) +২৫ = কত?
ঘ) একটি খাতা ১৫ টাকায় ক্রয় করে ১২ টাকায় বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হবে?
ঙ) ১ দিনকে সেকেন্ডে রুপান্তর কর।

**৪। পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স কন্যার বয়সের চারগুন। তাদের প্রত্যেকের বয়স নির্ণয় কর।** **০৫**

**৫। একটি লাঠির $\frac{১}{৬}$ অংশ মাটিতে, $\frac{১}{২}$ অংশ পানিতে এবং অবশিষ্ট অংশ পানির উপরে আছে। পানির উপরের অংশের দৈর্ঘ্য ২ মিটার। লাঠির কত মিটার পানিতে আছে?** **০৫**

**৬। একজন বিক্রেতা কৃষকের কাছ থেকে এক ঝুড়ি সবজি কিনে ৪০% লাভে ৬৩০০ টাকায় বিক্রয় করলেন। সবজির ক্রয়মূল্য কত ছিল?** **০৫**

**৭। একটি ত্রিভুজের উচ্চতা ০.৮ মিটার এবং এর ক্ষেত্রফল ১.২ বর্গ মিটার হলে এর ভূমি কত মিটার?** **০৫**

**৮। ২০ জন শিক্ষার্থীর বাড়ির কাজ জমা দেওয়ার সংখ্যা দেওয়া আছে। উপাত্ত সমূহ ৫ শ্রেণি ব্যবধান ধরে বিন্যস্ত কর:** **০৫**

১২, ১৪, ২৪, ২৯, ১৬, ১২, ৯, ২৯, ২০, ১৬, ২৮, ১২, ৮, ২৯, ২৪, ২৯, ১২, ৬, ২২, ২৮ ।

**৯। চিত্রসহ সংজ্ঞা দাও:** রম্বস , বৃত্ত **২.৫×২=০৫**

## বিজ্ঞান: মান ৪০

**১০। সঠিক উত্তরটি লিখ: ১০টি প্রশ্নের মধ্য ১০টি উত্তর দিতে হবে।** **১×১০ = ১০**

ক. কোনটির জন্য প্রাণী উদ্ভিদের উপর নির্ভরশীল?

আলো/পানি/খাদ্য/বাতাস

খ. বেঁচে থাকার জন্য মানবদেহে কতভাগ পানি প্রয়োজন?

৩০-৪০/৬০-৭০/৭০-৮০/৮০-৯০

গ. চিপসের প্যাকেটে কোন গ্যাস ব্যবহার করা হয়?

অক্সিজেন/ কার্বন-ডাই-অক্সাইড/ নাইট্রোজেন/ জলীয় বাষ্প

ঘ. চাঁদের আলো কোন প্রক্রিয়ায় পৃথিবীতে আসে?

পরিবহন /পরিচলন/ বিকিরণ/ শোষণ

ঙ. মাছ ও মাংস কোনটি মাধ্যমে পচন ধরতে পারে?

চিনি /কৃত্রিম রং/ জীবাণু/ লবণ

চ. হামের জীবাণু নিচের কোনটির মাধ্যমে ছড়ায়?

বায়ু /পানি/ পোকামাকড়/ মাটি

ছ. পৃথিবীর চারদিকে একবার ঘুরে আসতে চাঁদের সময় লাগে-

২৪দিন/২৮দিন/৩৬৫দিন/৩৬৬দিন

জ. শিল্প বিপ্লব কখন হয়েছিল?

১৭ শতক /১৮শতক/ ১৯শতক/ ২০ শতক

ঝ. বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ হলো-

আর্দ্রতা /তাপমাত্রা/ চাপ/ বায়ু প্রবাহ

ঞ. কোন সম্পদটি  সীমিত-

সূর্যের আলো /কয়লা/ বায়ু/ পানি

**১১। শূন্যস্থান পূরণ কর:** **১×৫ = ০৫**

ক. রাতে ঘাস ,গাছপালার উপর যে বিন্দু বিন্দু পানি জমে তাকে _______ বলে।

খ. পরিবেশ দূষণের অন্যতম প্রধান কারণ হলো________

গ.______________হচ্ছে পৃথিবীর বিভিন্ন প্রান্তের কম্পিউটারগুলোকে সংযুক্তকারী নেটওয়ার্ক।

ঘ. পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাওয়া কে____________ বলে।

ঙ. জনসংখ্যার___________হলোপ্রতি একক জায়গায় বসবাসরত মোট লোক সংখ্যা।

**১২। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও:** **২×৫ = ১০**

ক. চাঁদের বিভিন্ন দশার কারণ কী?

খ. খাদ্যজাল ও খাদ্যশৃঙ্খলের মধ্যে পার্থক্য কী?

গ. প্রযুক্তির ক্ষতিকর প্রভাবের দুটি উদাহরণ দাও।

ঘ. শক্তির রূপান্তর বলতে কি বোঝায়?

ঙ. অনবায়নযোগ্য সম্পদের ৩টি বিকল্প সম্পদের উদাহরণ দাও।

**১৩। বর্ণনামূলক প্রশ্ন- উত্তর (৫টি প্রশ্নের মধ্যে ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে)** **৩×৫ = ১৫**

ক. বাতাসে পানি আছে তা আমরা কিভাবে ব্যাখ্যা করতে পারি?

খ. সংক্রামক রোগ কিভাবে ছড়ায় তা ব্যাখ্যা কর।

গ. কিভাবে আমরা ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করবো তা বর্ণনা করো।

ঘ. পৃথিবীর বায়ুমন্ডল গ্রিন হাউজের কাঁচের মতো কাজ করে কেন?

ঙ. বনভূমি ধ্বংসের ফলে পরিবেশের উপর কি প্রভাব পড়ছে?